

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
ঢাকা
www.police.gov.bd

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.২৫.০০২.১৯-২৬০

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: **Pre-SAAT (English Pre-SAAT ও French Pre-SAAT) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, SAAT পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপযুক্ত কর্মকর্তা বাছাই করার লক্ষ্যে আগামী ০৩ মার্চ ২০২০ তারিখ (মঙ্গলবার) পিএসসি কনভেনশন হল, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর-১৪, ঢাকায় **English Pre-SAAT** পরীক্ষা ১০.০০ ঘটিকায় এবং **French Pre-SAAT** পরীক্ষা ১৪:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। **English Pre-SAAT** পরীক্ষায় ১০৪০ জন এবং **French Pre-SAAT** পরীক্ষায় ১৭৬ জন পুলিশ কর্মকর্তা অংশগ্রহণ করবেন (তালিকা সংযুক্ত)।

২। **Pre-SAAT** পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকা সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করা হয়েছে। তাছাড়া বাংলাদেশ পুলিশ এর অফিসিয়াল ওয়েবসাইটে http://www.police.gov.bd/BP_in_UN_Missions/UN_Career_Opportunity হতেও ডাউনলোড করা যাবে।

৩। মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকা ই-মেইল/ওয়েবসাইটে হতে ডাউনলোডকরতঃ মনোনীত পুলিশ কর্মকর্তাগণকে আগামী ০২ মার্চ ২০২০ পুনঃ ০২ মার্চ ২০২০ তারিখ, সকাল ১০.০০ ঘটিকায় পিএসসি কনভেনশন হল, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর-১৪, ঢাকায় রিপোর্ট করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। কোন প্রার্থী তার নামের পাশে উল্লিখিত কর্মস্থল হতে বদলী হয়ে থাকলে বর্তমান কর্মস্থলে বার্তাটি প্রেরণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। মনোনীত কর্মকর্তাগণের বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/তদন্তাধীন/প্রক্রিয়াধীন আছে কিনা কিংবা চাকুরী জীবনে কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি; International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করার অপরাধের সাথে জড়িত ছিলেন কিনা, দুই বা ততোধিক মিশন (FPU ব্যতীত) সম্পন্ন করেননি এবং ইতোপূর্বে মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি মর্মে প্রত্যয়নপত্র (সংযুক্তি-১) সঙ্গে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

৫। **Pre-SAAT (English Pre-SAAT ও French Pre-SAAT) পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত মনোনীত কর্মকর্তাগণকে নিম্নোক্ত বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো-**

- মনোনীত কর্মকর্তাগণকে পুরো-পোষাকে (Uniform) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- পরীক্ষার্থীগণ আগামী ০২ মার্চ ২০২০ তারিখ রেজিস্ট্রেশন চলাচলকালীন প্রত্যয়নপত্র (সংযুক্তি-১ ও সংযুক্তি-২), ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্টের ফটোকপি (যদি থাকে), পুলিশ আইডি কার্ডের ফটোকপি রেজিস্ট্রেশনকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন;
- পরীক্ষায় লেখার জন্য অবশ্যই ক্লিপ বোর্ড এবং কালো কালির কলম সঙ্গে আনতে হবে;
- পরীক্ষা কেন্দ্রে তথ্যাদি যাচাই করার জন্য সকাল ০৮.৩০ ঘটিকার মধ্যে প্রবেশ করতে হবে;
- আসন বিন্যাস (Seat Plan) অনুযায়ী নির্ধারিত আসনে বসতে হবে, এবং
- পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ও কোন প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস সঙ্গে আনা যাবে না।

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)
বিপি-৭৮০৩০২৭৮১৬
এআইজি (ইউএন অ্যাফেয়ার্স), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

